

আল-কিয়ামাহ | Al-Qiyama | الْقِيَامَةُ

আয়াতঃ ৭৫ : ৩৫

আরবি মূল আয়াত:

ثُمَّ أُولَىٰ لَكَ فَأَُولَىٰ ﴿٣٥﴾

অনুবাদসমূহ:

তারপরও দুর্ভোগ তোমার জন্য এবং দুর্ভোগ! — আল-বায়ান

অতঃপর তোমার জন্য দুর্ভোগের উপর দুর্ভোগ। — তাইসিরুল

আবার তোমার দুর্ভোগের উপর দুর্ভোগ! — মুজিবুর রহমান

Then woe to you, and woe! — Sahih International

৩৫. আবার দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ!(১)

(১) اُولَىٰ অর্থ ধ্বংস, দুর্ভোগ। সর্বনাশ হোক তোমার! মন্দ, ধ্বংস এবং দুর্ভাগ্য হোক তোমার! এখানে কাফিরদেরকে খুবই মারাত্মকভাবে সাবধান করে দেয়া হয়েছে। [ফাতহুল কাদীর] ইবন কাসীর বলেনঃ এটি একটি শ্লেষ বাক্যও হতে পারে। কুরআন মজীদে আরো এক জায়গায় এ ধরনের বাক্য প্রয়োগ করা হয়েছে। বলা হয়েছে যে, জাহান্নামে আযাব দেয়ার সময় পাপী লোকদের বলা হবেঃ “নাও, এর মজা আশ্বাধন করে নাও। তুমি অতি বড় সম্মানী মানুষ কিনা।” [সূরা আদ-দুখান: ৪৯]

তাহসীলে জাকারিয়া

(৩৫) আবার দুর্ভোগ তোমার জন্য দুর্ভোগ। [1]

[1] এটা তিরস্কার বাক্য। এর প্রকৃত গঠন ছিল এই রকম، اُولَىٰ مَا تَكْرَهُهُ، আল্লাহ তোমাকে এমন জিনিসের সম্মুখীন করুক, যা তোমার কাছে অপছন্দনীয়! (অনুবাদে ‘তোমার জন্য দুর্ভোগ’ বলে সে কথা প্রকাশ করা হয়েছে।)

তাহসীলে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5586>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন